



চুয়াডাঙ্গা : চুয়াডাঙ্গা সরকারি কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স চালুর দাবিতে সর্বস্তরের শিক্ষার্থীদের বিক্ষোভ মিছিল করে -- সংবাদ

সরকারি কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স চালুর দাবিতে চুয়াডাঙ্গাবাসী সোচ্চার

চুয়াডাঙ্গা থেকে নিজস্ব সংবাদমাতা : চুয়াডাঙ্গা সরকারি কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স চালুর দাবিতে চুয়াডাঙ্গাবাসী আবারও সোচ্চার হচ্ছে। দেশের ৬৪টি জেলার মধ্যে কেবলমাত্র চুয়াডাঙ্গায় অনার্স ও মাস্টার্স কোর্স চালু হয়নি। ছাত্রছাত্রীরা বিভিন্ন সময়ে এ ব্যাপারে আন্দোলন-সংগ্রাম করে আসছে; কিন্তু কোন সফল হয়নি। ওধুই প্রতিশ্রুতি মিলেছে রাজনৈতিক নেতৃবৃন্দের কাছ থেকে। এ ব্যাপারে জেলাবাসী সোচ্চার হয়ে উঠেছে। আবারও ১২ই মে সকালে চুয়াডাঙ্গার সর্বস্তরের শিক্ষানুরাগী শত শত মানুষ চুয়াডাঙ্গা সরকারি কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স চালুর দাবিতে বিক্ষোভ মিছিল ও স্মারকলিপি প্রদান করেছে। মিছিলটি চুয়াডাঙ্গা সরকারি কলেজ থেকে বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। মিছিলশেষে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সাহিদুল ইসলাম বিশ্বাসের কাছে স্মারকলিপি প্রদান করা হয়। এ সময়

চুয়াডাঙ্গা সরকারি কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স চালুর দাবিতে বক্তব্য রাখেন নুরুল ইসলাম মালিক, শেখ সেলিম, নাজমুল হক স্বপন, শামীম এজাজ, শামীম রেজা প্রমুখ।

২০ একর জমির ওপর ১৯৬২ সালে চুয়াডাঙ্গা সরকারি কলেজ চালু হয়। বর্তমানে এটি ডিগ্রি কলেজ। এ কলেজে ৩টি বহুতলবিশিষ্ট ভবন, ৩০টি শ্রেণীকক্ষ ও 'দেড়শ' ছাত্রের আবাসন ব্যবস্থা রয়েছে। বর্তমানে ছাত্রছাত্রীর সংখ্যা প্রায় আড়াই হাজার এবং শিক্ষক রয়েছেন ৪৫ জন। মনোরম পরিবেশে শহরের কেন্দ্রস্থলে কলেজটি অবস্থিত। এছাড়া চুয়াডাঙ্গায় রয়েছে সরকারি মহিলা কলেজ এবং পৌর কলেজ।

চুয়াডাঙ্গা সরকারি কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স না থাকায় এ জেলার বহু মেধাবী ছাত্রছাত্রী উচ্চশিক্ষা লাভ থেকে বঞ্চিত হচ্ছে। দেশের ৬৪টি জেলার মধ্যে কেবলমাত্র চুয়াডাঙ্গা জেলাতে অনার্স ও মাস্টার্স কোর্স চালু হয়নি।